



তথ্যবিবরণী

নম্বর-২২৯

দুদকের অভিযান আমাদের জন্য সম্মানজনক নয়

- বিভাগীয় কমিশনার

রাজশাহী; ২৮ ফাল্গুন (১৩ মার্চ):

রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ বলেছেন, দুদক কোনো অফিসে গেলে তা আমাদের জন্য সম্মানজনক নয়। সকল দপ্তরকে এমনভাবে সেবা প্রদান করতে হবে যেন সেখানে দুদকের যাওয়ার প্রয়োজন না পড়ে।

আজ (১৩ মার্চ) সকালে রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার আইন ও বিধি-বিধান অবহিতকরণ এবং সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে আয়োজিত সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিভাগীয় কমিশনার অফিস সভাসমূহ আয়োজন করে।

সভায় আজিম আহমেদ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা দপ্তরের প্রতিনিধির কাছে বেসরকারি শিক্ষকদের এমপিওভুক্তির আবেদন প্রক্রিয়া, সময় ও কার্যপদ্ধতি জানতে চান। তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা দপ্তরের প্রতিনিধিকে শিক্ষকদের এমপিওভুক্তির কার্যক্রম স্বচ্ছ প্রক্রিয়ায় ও নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।

এসময় বিভাগীয় কমিশনার অন্যান্য দপ্তর ও দপ্তরসমূহের আওতাধীন জেলা ও উপজেলা কার্যালয়ের সরকারি সেবা সুনিশ্চিত করতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান।

সভায় বিভাগীয় পর্যায়ে বিভিন্ন দপ্তরের প্রতিনিধি তাদের দপ্তরে প্রাপ্ত অভিযোগ ও তথ্য অধিকার আইনে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তির তথ্য উপস্থাপন করেন। এসময় অতিরিক্ত বিভাগীয় কমিশনার তরফদার আক্তার জামিল ও মোঃ হাবিবুর রহমানসহ রাজশাহী বিভাগের বিভাগীয় দপ্তরসমূহের দপ্তর প্রধান ও প্রতিনিধিবৃন্দ বক্তৃতা করেন।

.....

তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৫.০০ঘ.